গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moa.gov.bd

নং ১২.০০.০০০০.০৩০.৪০.০০৬.২৫-৬৯

তারিখঃ ৩০ শ্রাবণ ১৪৩২ / ১৪ আগস্ট ২০২৫

## রিকোয়েষ্ট ফর এক্সপ্রেশনস অব ইন্টারেষ্ট (EOI)

কৃষি মন্ত্রণালয় কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে বেসরকারি পর্যায়ে আমদানিতব্য নন-ইউরিয়া (টিএসপি, ডিএপি, এমওপি ও এমএপি) সারে প্রদেয় ভর্তুকির হিসাব নিরীক্ষাপূর্বক প্রত্যয়নের লক্ষ্যে চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্ম নিয়োগের জন্য আগ্রহ ব্যক্তকরণ প্রস্তাব আহবান করা যাচ্ছে। ভর্তুকির হিসাব নিরীক্ষার ব্যয়ভার মিটানোর জন্য প্রয়োজনীয় অর্থের বরাদ্ধ আছে।

চলতি ২০২৫-২৬ অর্থবছরে বেসরকারি আমদানিকারকদের মাধ্যমে আমদানিতব্য আনুমানিক ১১.০০(এগারো) লক্ষ মে. টন নন-ইউরিয়া সার ভর্তুকির আওতায় ছাড় করা হবে। বেসরকারি আমদানিকারকগণ দেশের সকল জেলা ও উপজেলায় সার ডিলারদের নিকট সরকার নির্ধারিত মূল্যে সার বিক্রয় করেন। ডিলারগণ নিজে সরাসরি বা খুচরা বিক্রেতার মাধ্যমে কৃষকের নিকট সরকার নির্ধারিত মূল্যে (ভর্তুকি মূল্যে) সার বিক্রয় করেন। আমদানিকারক কর্তৃক ডিলারের নিকট সারের বিক্রয় মূল্য ও আমদানি খরচের পার্থক্য সরকার ভর্তুকি হিসেবে আমদানিকারকগণের ঋণপত্র স্থাপনকারি ব্যাংক হিসাবে প্রদান করে থাকে। চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্মের প্রধান কাজ হবে নিম্নরূপঃ-

১। ভর্তুকি প্রদান সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা/পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পরীক্ষণ;

২। ভর্তুকিযুক্ত সারের আমদানি সংক্রান্ত দলিলাদি যেমন: মূল দরপ্রস্তাব, ঋণপত্র সংশ্লিষ্ট দলিলাদি, প্রি-শিপমেন্ট ইন্সপেকশন সার্টিফিকেট, বিল অব লেডিং, কমার্শিয়াল ইনভয়েস, বিল অব এন্ট্রি, সার আমদানি পরিদর্শন কমিটির রিপোর্ট ইত্যাদি পরীক্ষণ এবং সকল তথ্য-উপাত্তের ভিত্তিতে কী পরিমাণ সার ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ে আমদানি করা হয়েছে তা প্রত্যয়ন;

৩। ভর্তুকি সংক্রান্ত সংশ্লিষ্ট নীতিমালা/পদ্ধতির আলোকে ভর্তুকি সেল, চট্টগ্রাম থেকে প্রেরিত সারের পরিমাণ সংক্রান্ত তথ্য নিরীক্ষা ও সে অনুযায়ী আমদানিকারক কর্তৃক দাবীকৃত ভর্তুকির পরিমাণ নির্ধারণ/পরীক্ষণ;

৪। কৃষি মন্ত্রণালয় হতে জেলা পর্যায়ে আমদানিকারকের ঋণপত্রভিত্তিক মাস অনুযায়ী বরাদ্দকৃত সারের পরিমানের আলোকে জেলা/উপজেলা হতে জারীকৃত উপ-বরাদ্দপত্র অনুযায়ী উত্তোলন হয়েছে কিনা তা পরীক্ষণপূর্বক সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং উপজেলা কৃষি অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন ও সংশ্লিষ্ট কাগজপত্র পরীক্ষাপূর্বক প্রি-অডিট রিপোর্টে সন্নিবেশকরণ;

৫। আমদানিকারকদের নিকট হতে ডিলার কর্তৃক ক্রয়কৃত সার যথসময়ে ডিলারদের গুদামে পৌছানো সংক্রান্ত আগমনী বার্তার (arrival report) সত্যতা ও সঠিকতা যাচাইকরণ;

৬। আমদানিকারকগণ কর্তৃক ডিলারদের নিকট সার বিক্রয় সংক্রান্ত বিক্রয় ও মজুদ রেজিস্টার পরীক্ষণ এবং ডিলারদের হিসাবের সাথে উহার সামঞ্জস্য নির্ণয়;

৭। আমদানীকারকওয়ারী আমদানিকৃত এবং ভর্তুকির আওতায় ছাড়কৃত সারের প্রকৃত পরিমাণ নির্ধারণ এবং জেলাওয়ারী, উপজেলাওয়ারী ও ডিলারওয়ারী বিক্রিত সারের পরিমাণ নির্ধারণ করে অডিট রিপোর্ট প্রণয়ন;

৮। জেলা-উপজেলাসমূহে অডিট কার্যক্রম পরিচালনা করে মন্ত্রণালয়ে রক্ষিত রেকর্ডপত্র পর্যালোচনাপূর্বক প্রতি তিন মাস অন্তর সমন্বিত রিপোর্ট প্রদান;

৯। অডিট ফার্মের কার্যক্রম পরিদর্শনের লক্ষ্যে সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা হতে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালিত হবে;

১০। কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে কাজ করার সম্মতি পত্র প্রদান এবং তা না করা হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে; এবং

১১। প্রি-অডিট কার্যক্রমের কোন পর্যায়ে কোন অসংগতি পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে তা কর্তৃপক্ষের গোচরে আনতে হবে; এবং

১২। অডিট ফার্ম প্রতি ত্রৈমাসিকের অডিট রিপোর্ট তার পরবর্তী মাসের মধ্যে জমা প্রদান করবে।

**১৩। শর্তাবলীঃ**

(১) আগ্রহী বাংলাদেশী চার্টার্ড একাউনটেন্ট/অডিট ফার্মকে সমজাতীয় নিরীক্ষা কাজের ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে এবং তাদের প্রয়োজনীয় জনবলসহ সহায়ক উপকরণাদি থাকতে হবে;

(২) দরখাস্তের সাথে রেজিস্ট্রেশন সনদ, হালনাগাদ আয়কর দাখিলের প্রমাণক, কনসোর্টিয়ামের ক্ষেত্রে যৌথ উদ্যোগের চুক্তিনামা দাখিল এবং কর্মরত জনবলের জীবন-বৃত্তান্ত ও অভিজ্ঞতা যথাযথভাবে উল্লেখ করতে হবে;

(৩) আগ্রহী প্রতিষ্ঠানকে তাদের যোগ্যতার পক্ষে প্রয়োজনীয় তথ্যাদি ও প্রমাণক দাখিলের অনুরোধ করা হলো (সংস্থার সুযোগ-সুবিধা ও দক্ষতার ক্ষেত্রসমূহ নির্দেশপূর্বক প্রণীত ব্রোশিয়ার; একই ধরণের সম্পাদিত কাজের বিবরণ; একই ধরণের কর্মপরিবেশ ও পরিস্থিতিতে পরিচালিত কাজের অভিজ্ঞতা ও পেশাগত যোগ্যতাসম্পন্ন জনবল এবং কাজ সম্পাদনে পর্যাপ্ত সম্পদের প্রাপ্যতা এবং আর্থিক সক্ষমতার ক্ষেত্রে Bank Solvency Certificate ও ব্যবস্থাপনাগত সামর্থ্য ইত্যাদি)। আবেদনকারী তার সামর্থ্য বৃদ্ধির লক্ষ্যে কনসোর্টিয়াম গঠন করতে পারবে, তবে তা অত্যাবশ্যক নয়র;

(৪) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর "নিম্নতম ব্যয়-ভিত্তিক নির্বাচন পদ্ধতি'' অনুসরণে প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। চুক্তি সম্পাদনের পর অনতিবিলম্বে কাজ শুরু করতে হবে।

১৪। আগ্রহী একাউনটেন্ট/অডিট ফার্মের এ বিষয়ে অধিক তথ্য জানার প্রয়োজন হলে ০২-৫৫১০০৬০৬ ফোন নম্বরে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করে প্রয়োজনীয় তথ্য জানতে পারবে।

১৫। সীলমোহরযুক্ত আবেদনপত্র (EOI) ০৮ সেপ্টেম্বর **২০২৫ খ্রিঃ তারিখ বিকাল ২.০০ ঘটিকার** মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে এবং আবেদনের খামের উপরে স্পষ্টাক্ষরে **''সারে ভর্তুকির প্রি-অডিট ২০২৫-২৬ সংক্রান্ত Expressions of Interest (EOI)''** লিখতে হবে।

১৬। যে কোন বা সকল আবেদনপত্র (EOI) বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৪/০৮/২০২৫

(মো: মনিরুজ্জামান)
উপসচিব
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা
ভবন নং-৪, কক্ষ নং ৫১১, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ফোনঃ ০২-৫৫১০০৬০৬